

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬২৬(আগরতলা ১৯।১)

আগরতলা, ১৯ জানুয়ারি, ২০২৪

কবি কল্যাণ গুপ্তের প্রয়াণে মুখ্যমন্ত্রীর শোক

রাজ্যের বিশিষ্ট কবি কল্যাণ গুপ্তের প্রয়াণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, ‘রাজ্যের প্রখ্যাত কবি তথা সাংস্কৃতিক ব্যক্তিত্ব কল্যাণ গুপ্তের আকস্মিক প্রয়াণে আমি গভীরভাবে মর্মান্বিত। রাজ্যের সাহিত্য, সংস্কৃতির অঙ্গনে প্রয়াত কল্যাণ গুপ্তের অবদান স্মরণীয় হয়ে থাকবে।’ শোকবার্তায় মুখ্যমন্ত্রী প্রয়াতের বিদেহী আত্মার সদগতি কামনা করেন ও শোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।
